

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩ ১০৫

সোনামুড়া, ১৯ মার্চ, ২০২৫

সোনামুড়া মহকুমাভিত্তিক দোল উৎসব অনুষ্ঠিত

সোনামুড়া মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে গতকাল নলছড় দশমীঘাট মুক্তমণ্ডে অনুষ্ঠিত হয় সোনামুড়া মহকুমাভিত্তিক দোল উৎসব। বিধায়ক কিশোর বর্মণ এই দোল উৎসবের উদ্বোধন করেন। দোল উৎসবে সোনামুড়া মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ হোলির উপর সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন। এছাড়াও শিশুরা অনুষ্ঠান মঞ্চে সমবেত যোগা প্রদর্শন করে। অনুষ্ঠানে সিপাহীজলা জিলা পরিষদের দারিদ্র দূরীকরণ বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি বেলা দেবনাথ সহ নলছড় পঞ্চায়েত সমিতির সদস্য ও সদস্যাগণ উপস্থিত ছিলেন।
